

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় কমিটি
মোরেলগঞ্জ, বাগেরহাট
উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় কমিটির সভা

তারিখ: ১২.১২.২০২০ স্থান: উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, মোরেলগঞ্জ, বাগেরহাট

সভাপতি উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় কমিটি ও ভাইস চেয়ারম্যান মহিলা, উপজেলা পরিষদ, মোরেলগঞ্জ, বাগেরহাট মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা মহোদয়কে অনুরোধ করেন। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা মহোদয় সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন।

আলোচ্য বিষয়:


১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়করণ
২. ঋণ বিতরণ ও আদায়
৩. সঞ্চয় বৃদ্ধির মাধ্যমে দারিদ্র্য নিরসন
৪. সমবায় সমিতির কার্যক্রম গতিশীলকরণ
৫. মহান বিজয় দিবস উদযাপন

ক্র/নং	আলোচ্য বিষয়	আলোচনা, প্রস্তাবনা	সিদ্ধান্ত	দায়িত্ব	মন্তব্য
১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়করণ	সদস্য সচিব উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা মহোদয় সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহিত ও দৃঢ়করণ করা হয়।	সভার কার্যবিবরণী বা রেজুলেশন এর কপি প্রত্যেক সদস্যদের মাঝে বিতরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	
২	ঋণ বিতরণ ও আদায়	উপজেলা পল্লী উন্নয়ন বোর্ডের আওতায় নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে নিম্নবিত্ত ও দরিদ্র পরিবারের মাঝে সহজ শর্তে ঋণ বিতরণ করা হয়। এযাবৎ ৪০০০ পরিবারের মাঝে এই ঋণ বিতরণ করা হয়েছে। ঋণ আদায় সন্তোষজনক। এই ঋণ সঠিকভাবে ঋণগ্রহিতারা কাজে লাগান কি-না তা সরেজমিনে যাচাই বাছাই করবেন। ঋণগ্রহিতারা প্রযুক্তিগত সহায়তা যেনো পেতে পারে তার জন্য উপজেলা কৃষি, প্রাণিসম্পদবিভাগ এবং তথ্য প্রযুক্তি বিভাগের সাথে যোগাযোগের কাজটি উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও সমবায় কর্মকর্তা কাজ করবেন।	উপজেলা পরিষদের আগামী সভায় প্রকল্প/খাতভিত্তিক ঋণ বিতরণের আলিকা উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়। অনাদায়ী ঋণ আদায়ে প্রয়োজনে উপজেলা প্রশাসনের সহায়তা নেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	
৪	সঞ্চয় বৃদ্ধির মাধ্যমে দারিদ্র্য নিরসন	অচল সমিতি সচলকরণের মাধ্যমে পুজিগঠনের প্রবনতা বাড়িয়ে সচল করে তোলা। তাদেরকে সঞ্চয়ী হওয়ার কৌশল সমূহ সম্পর্কে ধারণা প্রদান করতে হবে। বহুমুখী আয়বর্ধক কাজের মাধ্যমে দারিদ্র্য নিরসনে কাজ করে যেতে হবে।	উঠান বৈঠক করা, প্রশিক্ষণ এবং ইউডিসিসির মাধ্যমে জনগণকে সচেতন করে তুলতে হবে।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	
৪	সমবায় সমিতির কার্যক্রম গতিশীলকরণ	সমবায় সমিতির কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে সংগঠনগুলোকে নিয়মিত সভার মাধ্যমে সচল রাখতে হবে। সমবায় সমিতির সদস্যদের মাঝে অনেক ফোড, কষ্ট প্রায়শ:ই লক্ষ্য করা যায়; তা নিরসন করে তাদের মধ্যে বিশ্বাস জাগিয়ে তুলতে হবে।	সংগঠনগুলোর নিয়মিত মিটিং করা, তাদের সংগঠনের কাজগুলো সরেজমিনে পরিদর্শন করার কথা বলা হয়।	উপজেলা সমবায় কর্মকর্তা	

১২/১২/২০

৫	মহান বিজয় দিবস উদযাপন	ব্যবসায়িক কর্মসূচির মাধ্যমে জাতীয় দিবস উদযাপন করার জন্য সরকারি প্রতিষ্ঠানের জন্য সকলকে অনুপ্রেরণা করা হবে।	উপজেলা প্রশাসনের সার্বিক সহযোগিতা দিবে। উপজেলা প্রশাসনের উদ্যোগে উপজেলা বিসআরডিবি প্রোগ্রামের মাধ্যমে এবং বিসআরডিবি কর্মকর্তা সমন্বয়ে কাজটি সম্পন্ন হবে।	উপজেলা সমন্বয় কর্মকর্তা	
---	------------------------	--	---	--------------------------	--

সভাপতি মহোদয়ের সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য শেষ করেন।


সভাপতি

উপজেলা পল্লী উন্নয়ন ও সমন্বয় কমিটি

ও

অফিসপ্রোগ্রামার

মোরেলগঞ্জ, বাগেরহাট।

তারিখ :

স্মারক নং - বিসআরডিবি/মোরেলগঞ্জ/বাগেরহাট/১৩

অনুলিপি : মাননীয় সভাপতির জন্য (কার্যার্থে/জ্ঞাতার্থে), জেলা প্রশাসকের কার্যালয়ে নথি

১। জেলা প্রশাসক, বাগেরহাট।

২। উপরিচালক ও উপসচিব, স্থানীয় সরকার, বাগেরহাট।

৩। উপ-পরিচালক, বিসআরডিবি, বাগেরহাট।

৪। জেলা সমন্বয় কর্মকর্তা, বাগেরহাট।

৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোরেলগঞ্জ, বাগেরহাট।

৬। উপজেলা নির্বাহী অফিসার, মোরেলগঞ্জ, বাগেরহাট।

৭। সদস্য (সকল), উপজেলা পল্লী উন্নয়ন ও সমন্বয় কমিটি।



সদস্য সচিব

উপজেলা পল্লী উন্নয়ন ও সমন্বয় কমিটি

ও

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,

মোরেলগঞ্জ, বাগেরহাট।